মেহেরপুরে সমৃদ্ধি কর্মসূচির উন্নয়ন মেলা অনুষ্ঠিত

সমৃদ্ধি কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুর দারিদ্র্য বিমোচন সংস্থার উদ্দ্যোগে উপজেলা দিবস উপলক্ষে একটি উন্নয়ন মেলার আয়োজন করা হয়েছে। আজ বৃহস্পতিবার সকালে মেহেরপুর সদর উপজেলার হান্নানগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে এই মেলা অনুষ্ঠিত হয়।

উন্নয়ন মেলায় গ্রামীণ পিঠা সহ নানা ধরনের পণ্যের স্টল স্থান পায়, যা দর্শনার্থীদের দারুণভাবে আকৃষ্ট করে। মেলার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম। তিনি ফিতা কেটে মেলার উদ্বোধন করেন এবং পরে বিভিন্ন স্টল ঘুরে দেখেন।

উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মেহেরপুর দারিদ্র্য বিমোচন সংস্থার উপপরিচালক জালাল উদ্দিন, সহকারী পরিচালক জুবায়ের আলমসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। তারা এই মেলার মাধ্যমে স্থানীয় উদ্দ্যোগ ও পণ্যের প্রসারে আশাবাদ ব্যক্ত করেন।

দামুড়হুদায় সমাবেশ সফল করতে যৌথ সভা অনুষ্ঠিত

তারুণ্যের রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠার সমাবেশ সফল করার লক্ষ্যে দামুড়হুদায় যৌথ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রোববার বেলা ৩টায় দামুড়হুদা উপজেলা যুবদল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়। এতে আগামী ১৬ মে “শিক্ষা, স্বাস্থ্য ও মৌলিক অধিকার নিয়ে তারুণ্যের ভাবনা” শীর্ষক সেমিনার এবং ১৭ মে “তারুণ্যের রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠার সমাবেশ” সফল করার কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা হয়।

সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ

সম্পাদক এম এ তালহা। প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাধারণ সম্পাদক শরিফুজ্জামান শরিফ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মির্জা ফরিদুল ইসলাম শিবলু, শফিকুল ইসলাম পিটু এবং খালিদ মাহমুদ মিল্টন।

এছাড়া উপস্থিত ছিলেন জেলা যুবদলের সভাপতি শরীফুজ্জামান সিজার, সাধারণ সম্পাদক সাইফুর রশিদ ঝন্টু, সাংগঠনিক সম্পাদক রাজীব খান, জেলা স্বেচ্ছাসেবক দলের ভারপ্রাপ্ত সভাপতি শরিফুল আলম বিলাস, সাংগঠনিক সম্পাদক শামীম হাসান টুটুল, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক মমিনুর রহমান মমিন মালিতা।

উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সিনিয়র সহ-সভাপতি আবুল ওয়াহেদ, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাসেম।

এছাড়াও উপজেলা যুবদলের আহ্বায়ক মাহাবুবুর রহমান বাচ্চু, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক ইকরামুল হক, সদস্য সচিব জাকির হোসেন, সিনিয়র যুগ্ম আহ্বায়ক আব্দুল কাদের, যুগ্ম আহ্বায়ক রকিবুল হাসান তোতা, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুল রহমান সবুজ, সদস্য সচিব এম. ডি. কে. সুলতান, সিনিয়র যুগ্ম আহ্বায়ক ইনজামামুল হকসহ উপজেলা বিএনপি ও এর অঙ্গ-সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী ও সমর্থকবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি প্রাণবন্তভাবে সঞ্চালনা করেন জেলা ছাত্রদলের সভাপতি শাহজাহান আলী।

মেহেরপুরের আমঝুপিতে ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত

মেহেরপুরের আমঝুপিতে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ ও ইয়ুথ ফোরামের ত্রৈমাসিক ডায়ালগ ও

ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত হয়েছে।

“সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ” এই স্লোগানকে সামনে রেখে গতকাল বৃহস্পতিবার সকাল ১০টায় আমঝুপির মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে এক আলোচনা ও ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত হয়।

মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও গণসাক্ষরতা অভিযান যৌথভাবে এই কর্মসূচির আয়োজন করে। মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিটিআই-এর সুপারিনটেনডেন্ট মোঃ সামসুজ্জামান মন্টু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষি বিপণন কর্মকর্তা মোঃ তারকুল ইসলাম, কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি মোঃ ইসমাইল হোসেন, কমিটির অন্যান্য সদস্যবৃন্দ, ইয়ুথ ফোরামের সদস্য, শিক্ষক এবং সুশীল সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ।

উক্ত মতবিনিময় সভায় মেহেরপুর জেলার বিশেষ করে গ্রামীণ পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ, ঝরেপড়া রোধ, প্রাথমিক শিক্ষায় স্বদায়িত্ববোধ সৃষ্টি এবং গণঅংশগ্রহণ বৃদ্ধিতে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ ও ইয়ুথ ফোরাম যে সকল উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে, তার সার্বিক অবস্থান, চ্যালেঞ্জ এবং এসডিজি অর্জনে করণীয় বিষয়ে বিভিন্ন তথ্য উপাত্ত উপস্থাপন ও উন্মুক্ত আলোচনা করা হয়।

এই আলোচনা সভায় কর্মরত ও অবসরপ্রাপ্ত শিক্ষকরা তাদের শিক্ষাজীবনের বিভিন্ন সীমাবদ্ধতা, সরকারি সুযোগ-সুবিধা ও বাজেটে বরাদ্দের বৈষম্য নিয়ে অভিযোগ তুলে ধরেন। তবে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে মউকের দীর্ঘ এক যুগের অবদানও তারা তুলে ধরেন।

মেহেরপুর জেলার কৃষি বিপণন কর্মকর্তা তার বক্তব্যে কৃষিপণ্য বাজারজাতকরণে তার দপ্তরের বিভিন্ন কার্যক্রম, সরকারি সহায়তা এবং তা কৃষক শ্রেণির মাঝে কীভাবে পৌঁছানো যায় সে বিষয়ে বিস্তারিত তুলে ধরেন।

সাদ আহম্মদের সঞ্চালনায় অনুষ্ঠিত ফলপ্রসূ এই আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন মউকের প্রোগ্রাম ম্যানেজার কাজল রাখো, সহকারী প্রোগ্রাম অফিসার আশিক বিল্লাহ ও চাঁদতারা সূর্য।

# [redacted]

[redacted]

[redacted]

[

ফাউন্ডেশনের দুই বছর পূর্তি উৎসব অনুষ্ঠিত

“জীবন বাঁচাই রক্ত দিয়ে, মানবতা যাক এগিয়ে” এই স্লোগানে মেহেরপুরের কাথুলী ব্লাড ফাউন্ডেশনের দুই বছর পূর্তি উৎসব-২০২৫ উদযাপন করা হয়েছে।

আজ শনিবার সকাল ১০ টার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে এ উৎসবের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাথুলী ব্লাড ফাউন্ডেশনের সভাপতি মোহাম্মদ বাসারুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আর এম টি ওয়েলফেয়ার সোসাইটি মেহেরপুর জেলা শাখার সভাপতি মোহাম্মদ আব্বাস উদ্দিন। বিশেষ অতিথি হিসেবে ছিলেন, সংগঠনের সাধারণ সম্পাদক জিয়াউর রহমান।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাথুলী ব্লাড ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা পরিচালক মোহাম্মদ নাসিব আহমেদ। সঞ্চালনার দায়িত্ব পালন করেন মফিজুল ইসলাম ও মোছাম্মদ ফারজানা দীপা।

অনুষ্ঠানে বিভিন্ন পর্যায়ের স্বেচ্ছাসেবকদের পুরস্কার প্রদান করা হয়।

গাংনীতে ‘আধুনিক খামার গড়ি’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে আমান ফিড লিমিটেডের স্থানীয় ডিলারের উদ্যোগে স্থানীয় মুরগির খামারিদের নিয়ে ‘আধুনিক খামার গড়ি’ শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (৩০ এপ্রিল) দুপুরে গাংনী উপজেলা শহরের একটি রিসোর্টে এই সেমিনারটি অনুষ্ঠিত হয়।

সেমিনারে সভাপতিত্ব করেন আমান ফিড লিমিটেডের স্থানীয় ডিলার মেসার্স শরফ এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী সালাহউদ্দিন টিপু।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমান ফিড লিমিটেডের ডেপুটি জেনারেল ম্যানেজার (ডিজিএম) ড. চিন্ময় মৈত্র। তিনি উপস্থিত খামারিদের উদ্দেশ্যে নিয়মতান্ত্রিকভাবে খামার পরিচালনার মাধ্যমে অধিক লাভবান হওয়ার পরামর্শ দেন।

প্রধান আলোচক ছিলেন আমান ফিড লিমিটেডের এক্সিকিউটিভ ড. সামাদ আরেফিন। তিনি আধুনিক পোল্ট্রি খামার গঠনের বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

সেমিনারটি সঞ্চালনা করেন আমান ফিড লিমিটেডের এক্সিকিউটিভ (ফিস ফিড সেলস অ্যান্ড টিএস) জোবায়িদ হাসান।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন আমান ফিড লিমিটেডের অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার সাইমন সিদ্দিকী, এক্সিকিউটিভ ড. রোমানস এবং স্থানীয় খামারি মো. আরজ আলী।

সেমিনারে গাংনী উপজেলার বিভিন্ন এলাকার প্রায় ১১০ জন নারী ও পুরুষ খামারি অংশগ্রহণ করেন।

গাংনীর কাজিপুর ইউনিয়ন বিএনপি’র দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

স্বচ্ছ ও নিরপেক্ষভাবে নিজ দলীয় নেতা নির্বাচন করলেন গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মী। ভোটারদের সরাসরি ভোটে কাজিপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি নির্বাচিত হয়েছেন অবসরপ্রাপ্ত শিক্ষক সাহাবুদ্দিন ও সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন স্কুল শিক্ষক মাসুদ রানা।

আজ সোমবার দুপুরে হাড়াভাঙ্গা এইচ বি মাধ্যমিক বিদ্যালয়

প্রাঙ্গণে আড়ম্বরপূর্ণ পরিবেশে বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে কাজিপুর ইউনিয়নের ৯টি ওয়ার্ড কমিটির সদস্যদের সরাসরি ভোটে তারা নির্বাচিত হন। দ্বি-বার্ষিক সম্মেলনের পূর্বে আয়োজিত বিশাল জনসভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক শিল্পপতি জাভেদ মাসুদ মিল্টন।

কাজিপুর ইউনিয়ন সম্মেলন প্রস্তুতি কমিটির সভাপতি রেজাউল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত জনসভায় বক্তব্য রাখেন জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য মোহাম্মদ আব্দুল্লাহ, আব্দুল আওয়াল, আলফাজ উদ্দীন কালু।

এছাড়াও জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউসার আলীসহ বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। জেলা যুবদলের সহ-সভাপতি আব্দাল হকের সঞ্চালনায় সম্মেলনে কাজিপুর ইউনিয়নের ৯ টি ওয়ার্ড কমিটির মোট ৪শ ৫৯ ভোটরের মধ্যে ৪শ ৩২ জন তাদের ভোটাধিকার প্রয়োগ করেন।

ভোট গ্রহণ শেষে সভাপতি পদে কাজিপুর গ্রামের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক সাহাবুদ্দিন ২৬৬ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি নেতা বেতবাড়িয়া গ্রামের মঞ্জুরুল হক টকি পেয়েছেন ১৬৬ ভোট। অপরদিকে সাধারণ সম্পাদক পদে কাজিপুর গ্রামের মাসুদ রানা ২৭০ ভোট পেয়ে নির্বাচিত হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী কাজিপুর গ্রামের শহিদুল ইসলাম পিন্টু পেয়েছেন ১৫৮ ভোট।

ঝিনাইদহে জনসচেতনতা সম্পর্কিত সমন্বয় সভা অনুষ্ঠিত

ঝিনাইদহে “গ্রাম আদালত কার্যক্রম” সম্পর্কে জনসচেতনতা তৈরিতে প্রচার- প্রচারণা কার্যক্রম পরিচালনায় স্থানীয় অংশীজনদের সাথে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকালে জেলা সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

সমন্বয় সভায় প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার উপপরিচালক রথীন্দ্র নাথ রায়।

এছাড়া ডিস্ট্রিক্ট ম্যানেজার, বাংলাদেশ গ্রাম আদালত মোঃ রাহিদুল ইসলাম, উপ পরিচালক সমাজ সেবা অধিদপ্তর আব্দুল কাদের, মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রোগ্রামার মুন্সী ফিরোজা, বিভিন্ন উপজেলার প্রকল্প সমন্বয়কারী, এনজিও প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

সমন্বয় সভায় বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (৩ পর্যায়) প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য এবং স্থানীয় সরকার ও বেসরকারি সংস্থাসমূহের ভূমিকা বিষয়ে আলোচনা করা হয়।

এছাড়া উপজেলা পর্যায়ে গ্রাম আদালতের সমস্যা ও সমাধানের বিভিন্ন বিষয়ে তুলে ধরা হয়। প্রচার-প্রচারনায় অংশীজনদের সহযোগীতার বিষয়েও আলোচনা করা হয়।

মেহেরপুরে সহিংসতা নিরসন ও সম্প্রীতি শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত

মেহেরপুরে দি হাঙ্গার প্রজেক্টের এমআইপিএস প্রকল্পের আওতায় এফসিডিও’র সহযোগিতায় “সহিংসতা নিরসন ও সম্প্রীতি” শীর্ষক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বেলা ১২টার দিকে মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়ন পরিষদ হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ইমাম সমিতির সাধারণ সম্পাদক ও পিএফজির পিস অ্যাম্বাসেডর মাওলানা সিরাজ উদ্দিন।
সভাটি পরিচালনা করেন পিএফজির সমন্বয়কারী মুজাহিদ আল মুন্না।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক ও

পিস অ্যাম্বাসেডর আজমল হোসেন মিন্টু, জেলা জাতীয়তাবাদী মহিলা দলের সভাপতি ও পিস অ্যাম্বাসেডর সাইয়েদাতুন্নেছা নয়ন, পিরোজপুর ইউনিয়ন পরিষদের সচিব এরশাদ আলী, ইউপি সদস্য ইস্কান্দার মাহমুদ ইকবাল, স্থানীয় রাজনৈতিক নেতা আব্দুল কুদ্দুস ও আনোয়ারুল মোল্লা প্রমুখ।

বক্তারা তাদের বক্তব্যে সহিংসতা পরিহার করে সংলাপ ও সম্প্রীতির মাধ্যমে সমস্যা সমাধানের ওপর গুরুত্বারোপ করেন। তারা বলেন, যুব সমাজকে মানবতা ও ভালোবাসার চর্চায় উৎসাহিত করতে হবে। পাশাপাশি রাজনৈতিক সহনশীলতা ও ধর্মীয় মূল্যবোধ বজায় রাখার আহ্বান জানান বক্তারা।

সমাপনী বক্তব্যে মাওলানা সিরাজ উদ্দিন বলেন, “সহিংসতার মূল কারণ হলো দুনিয়ার প্রতি লোভ ও মোহ। সম্প্রীতির চর্চার মাধ্যমেই সমাজে শান্তি ফিরিয়ে আনা সম্ভব।”

মুজিবনগরে বর্ষবরণে আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠিত

শুভ্রতা ছুঁয়ে থাকুক মননে, স্নিগ্ধ আলোয় জুড়িয়ে যায় দুচোখ, প্রাণের সঞ্চার উদ্বেলিত হোক নতুন বছরে।

অসাম্প্রদায়িক চেতনার বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এবং সব অশুভ শক্তিকে বিদায় জানাতে বর্ণিল আয়োজন ও বিপুল উৎসাহ উদ্দীপনা আর আনন্দঘন পরিবেশের মধ্য দিয়ে মেহেরপুরের মুজিবনগরে বাঙালির প্রাণের উৎসব পহেলা বৈশাখ ১৪৩২ উদযাপন করা হয়েছে।

এ উপলক্ষে আজ সোমবার সকাল সাড়ে ৮টার সময় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল এর নেতৃত্বে একটি বর্ষবরণ আনন্দ শোভাযাত্রা মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয় থেকে শুরু হয়ে প্রধান-প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদে চত্বরে গিয়ে শেষ হয় । বর্ষবরণের গানের তালে তালে শুরু হয় ঐতিহ্যবাহী প্রান্তা উৎসব সহ নানা অনুষ্ঠান।